# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol XXVI YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 DECEMBER No 11


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

লূক ১:২৮-৩৫

২৮। দূত তাঁর কাছে গিয়ে বললেন, "মহান অনুগ্রহের অধিকারিণী, তোমাকে অভিনন্দন! প্রভু তোমার সঙ্গে আছেন।"

২৯। তাঁর কথা শুনে মরিয়ম অত্যন্ত বিচলিত হলেন এবং অবাক হয়ে ভাবলেন, এ কী ধরনের অভিবাদন হতে পারে।

৩০। কিন্তু দূত তাঁকে বললেন, "মরিয়ম, ভয় পেয়ো না। তুমি ঈশ্বরের অনুগ্রহ লাভ করেছ।

৩১। তুমি অন্তঃসত্ত্বা হয়ে এক পুত্রের জন্ম দেবে, আর তুমি তাঁর নাম যীশু রাখবে।

৩২। তিনি মহান হবেন ও পরাৎপরের পুত্র নামে আখ্যাত হবেন। প্রভু ঈশ্বর তাঁর পিতা দাউদের সিংহাসন তাঁকে দেবেন,

৩৩। এবং তিনি যাকোব বংশে চিরকাল রাজত্ব করবেন। তাঁর রাজত্বের অবসান কখনও হবে না।"

৩৪। মরিয়ম দূতকে জিজ্ঞাসা করলেন, "তা কী করে হবে? আমি যে কুমারী!"

৩৫। উত্তর দিয়ে দূত তাঁকে বললেন, "পবিত্র আত্মা তোমার উপরে অবতরণ করবেন ও পরাৎপরের শক্তি তোমাকে আবৃত করবে। তাই যে পবিত্র পুরুষ জন্মগ্রহণ করবেন, তিনি ঈশ্বরের পুত্ররূপে আখ্যাত হবেন।

## খ্রীষ্টে ঈশ্বরের শান্তি! বড়দিনের মূল নীতি গ্রহণ করা

THE PEACE OF GOD IN CHRIST! Embracing the True Spirit of Christmas!

(অনারারী প্রধান সম্পাদিকা: রেভা.অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)



যেহেতু বড়দিনের ছুটির সময় এসে যাচ্ছে, পৃথিবী বড়দিনের উৎসবের উল্লাসপূর্ণ প্রদর্শনীতে উচ্ছ্বল হয়ে উঠছে, চারিদিকে আলোর রোশনাই ঝলমল করে উঠছে এবং আনন্দপূর্ণ বড়দিনের ক্যারোলে মুখরিত হয়ে উঠছে আকাশ। তথাপি, এই উৎসব উদ্‌যাপনের মধ্যে, শান্তি, আরোগ্য, এবং আশার গভীর ব্যাকুলতা মানুষের অন্তরে দীর্ঘস্থায়ী হয়ে আছে। বড়দিন — যীশু খ্রীষ্টের জন্মদিন উদ্‌যাপন — শান্তির রূপান্তরণ সংক্রান্ত বার্তা ঘোষণা করে যা উৎসবের প্রথাগত আমোদপ্রমোদকে ছাপিয়ে যায়। খ্রীষ্টের মাধ্যমে, আমরা এই উৎসবের সময়ে কেবল আনন্দ খুঁজে পাই না কিন্তু আমরা গভীর, সহনশীল শান্তি খুঁজে পাই যা এই ভঙ্গুর জগতে পাপ, লজ্জা এবং সমস্ত দুশ্চিন্তা থেকে আরোগ্য এবং স্বাধীনতা আনে।

## খ্রীষ্টের জন্মের মধ্যে শান্তির বার্তা

মথি এবং লূক সুসমাচারে বর্ণিত বড়দিনের গল্প মানবজাতির জন্য আশার এক নতুন ভোরের বার্তা বহন করে। স্বর্গদূতেরা মেষপালকদের কাছে ঘোষণা করেছিল, "উর্দ্ধতম লোকে ঈশ্বরের মহিমা, আর পৃথিবীতে তাঁর প্রীতির পাত্র সব মানুষের মাঝে শান্তি!" (লূক ২:১৪)। এই ঘোষণার মধ্যে শান্তি খ্রীষ্টের

ক্রমশ: ৩য়পৃষ্ঠায়


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## from your dearly beloved brother...



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


HON. EDITOR-IN-CHIEF

Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

HON. MANAGING EDITOR

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

GENERAL MANAGER

Bro. N. Prakasam, M.A, M.Sc.(C&P), PGDHRM, MBA.

ADMINISTRATION

Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

EDITORIAL BOARD

Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.



EDITOR, PUBLISHER & PRINTER

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers



10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

E.MAIL

sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

WEBSITES

www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

YOUTUBE CHANNEL

Echo of His Call




"সদাপ্রভু সকলের কাছে আছেন যারা তাঁকে ডাকে, সকলের কাছে যারা তাঁকে সত্যে আহ্বান করে। **(গীত ১৪৭:১৮)**

খ্রীষ্ট যীশুতে প্রিয়তমেরা,

সমস্ত নামের ঊর্দ্ধে আমাদের প্রভু এবং যীশু খ্রীষ্টের অপূর্বতম নামে আপনাদের শুভেচ্ছা জানানোর বিষয়টি আমাদের কাছে এক মহান সুযোগ।

হাঁ, আমরা যীশু খ্রীষ্ট ঈশ্বরের অনুগ্রহে নিরাপদ। সদাপ্রভু তাঁর ক্ষমতার মাধ্যমে আমাদের সহকর্মীদের স্পর্শ করেছেন এবং তাদের বিভিন্ন রোগ এবং মানসিক নিদারুণ যন্ত্রণার হাত থেকে সুস্থ করেছেন।

ঈশ্বরের অনুগ্রহে আমরা ২০২৪ সালের ১৯শে অকটোবর মহিলাদের জন্য একটি বিশেষ শিবিরের আয়োজন করেছিলাম। আমাদের প্রধান সম্পাদিকা সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী ঈশ্বরের বাণী বলেছিলেন। যে মহিলারা এই শিবিরে যোগদান করেছিলেন তারা তাদের ব্যক্তিগত জীবনে এবং পারিবারিক জীবনে ঈশ্বরের আরোগ্যপূর্ণ স্পর্শ উপভোগ করেছিলেন।



মহিলাদের জন্য বিশেষ শিবির



মহাবলীপুরমে যিহোশূয় যোদ্ধাগণ

একইভাবে, চেন্নাই থেকে ১৫০ কিমি দূরে মহাবলিপুরমে যিহোশূয় যোদ্ধা নামে পুরুষদেরও একটি একদিনের বিশেষ শিবিরের ব্যবস্থা করা হয়েছিল। আমরা আমাদের আমাদের মিনি বাসের সঙ্গে একটি বাস ভাড়া করেছিলাম। ৭০ জন পুরুষ এই শিবিরে যোগদান করেছিলেন। বিশেষ বক্তারা প্রচার করেছিলেন। এর মধ্যে খেলার সময়, প্রার্থনার সময়, সহভাগিতার সময় এবং প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার সময় অন্তর্ভুক্ত ছিল। কিছু


**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ YouTube Ministry ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

স্বধর্মবিরোধী লোকেরা ক্রন্দনসহ সামনে এগিয়ে এসেছিলেন এবং তাদের জীবন যীশু খ্রীষ্টের কাছে সমর্পণ করেছিলেন। তারা তাৎক্ষণিক প্রভাবসহ মণ্ডলীতে যোগদান করবে এবং পরিচর্যা কাজে অংশগ্রহণ করবে। আমরা প্রত্যেককে বিনামূল্যে প্রাতঃরাশ, মধ্যাহ্নভোজ, বিস্কুট, চা এবং একটি করে টি-সার্ট দিয়েছিলাম। অনুগ্রহ করে তাদের জন্য প্রার্থনা করুন।

আপনার মতো, আমরাও আমাদের জীবন্ত এবং প্রেমময় ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের জন্মের উপর ভিত্তি করে এই মাস যাবৎ বিভিন্ন সুসমাচার কর্মসূচীর ব্যবস্থাপনায় ব্যস্ত আছি। এই সময়টিই হচ্ছে বিভিন্ন রকমের উপহার, খাবার, বস্ত্র, বিভিন্ন মাণ্ডলিক কর্মসূচী, আউটরীচ কর্মসূচী নিয়ে সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে যাওয়ার সব থেকে উত্তম সময়। অনুগ্রহ করে আমাদের সহকর্মীদের সুস্বাস্থ্যের জন্য প্রার্থনা করবেন।

আমাদের সেই সমস্ত ভাই এবং বোনদের জন্য আমরা ভীষণ কৃতজ্ঞ যারা গত ২০২৪ সালে তাদের প্রার্থনা এবং আর্থিক সাহায্যের মাধ্যমে আমাদের তুলে ধরেছিলেন। আমরা সাক্ষ্য দিতে পারি যে আমাদের ভয়ঙ্কর সময়গুলিতে, প্রভু আমাদের ভয় না করতে বলেছেন কারণ তিনি সর্বদা আমাদের সঙ্গে যাত্রা করেন। তাঁর পাঁচনী এবং যষ্ঠী আমাদের শক্তিশালী করেছে এবং সান্ত্বনা দিয়েছে।

**" তোমার পাঁচনী এবং তোমার যষ্ঠী আমাদের সান্ত্বনা করে..."** (গীত ২৩:৪)।

আমরা আশা করি নতুন বছর তাঁর সন্তানদের জন্য মহা আশীর্ব্বাদযুক্ত হবে।

আমরা আপনাদের এতো ভালোবাসি যা কথায় প্রকাশ করা যাবে না এবং আমরা আপনার জন্য এবং আপনাদের প্রিয় মানুষদের জন্য প্রার্থনা করি।

**সদাপ্রভু তোমাদের আশীর্ব্বাদ করুন ও তোমাদের রক্ষা করুন; সদাপ্রভু তোমাদের প্রতি প্রসন্ন-মুখ হোন ও তোমাদের প্রতি সদয় হোন; সদাপ্রভু তোমাদের প্রতি তার মুখ ফেরান ও তোমাদের শান্তি দিন।**

— গণনা ৬:২৪-২৬

আমরা আপনাদের বড়দিনের এবং ২০২৫এর আশীর্ব্বাদযুক্ত নববর্ষের শুভেচ্ছা জানাই!

ভালোবাসা এবং আশীর্ব্বাদসহ

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম**
**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**
(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : sam@echoofhiscall.org

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

**— পাস্টর এস. স্যাম সেলভারাজ**

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

জন্মের সঙ্গে অবিচ্ছিন্নভাবে সংযুক্ত — তিনি যে ঈশ্বরের সঙ্গে মানুষের পুনর্মিলনে গভীর প্রভাব ফেলবেন এটি তার একটি ঝলক।

যিশাইয়ের ভাববাবণী খুব সুন্দরভাবে এই বার্তাটিকে প্রকাশ করে। **"কারণ আমাদের জন্য এক শিশুর জন্ম হয়েছে, আমাদের কাছে এক পুত্র সন্তান দেওয়া হয়েছে, রাজ্যের শাসনভার তাঁরই কাঁধে দেওয়া হবে। আর তাঁকে বলা হবে আশ্চর্য পরামর্শদাতা, পরাক্রমী ঈশ্বর, চিরন্তন পিতা, শান্তিরাজ"** (যিশাইয় ৯:৬)। শান্তির রাজকুমার নামটি পাপ এবং শত্রুতার দ্বারা নষ্ট হয়ে যাওয়া জগতে শান্তি আনার জন্য যীশুর মিশনের বিষয়টিকে সংক্ষেপে প্রকাশ করে।

### ঈশ্বরের শান্তি আমাদের ভরসাস্থল

জীবনের ঝঞ্ঝাপূর্ণ মুহূর্তগুলিতে, শান্তির ঈশ্বর আমাদের প্রাণের ভরসাস্থলে পরিণত হন। ফিলিপীয় ৪:৬-৭ পদে প্রেরিত পৌল লিখেছেন, "কোনো বিষয়ে উৎকণ্ঠিত হয়ো না, কিন্তু সব বিষয়ে প্রার্থনা ও মিনতি দ্বারা ধন্যবাদের সঙ্গে ঈশ্বরের কাছে তোমাদের সব অনুরোধ জানাও। এতে সব বোধবুদ্ধির অতীত ঈশ্বরের শান্তি, খ্রীষ্ট যীশুতে তোমাদের অন্তর ও মন রক্ষা করবে।" এই শান্তি রূপান্তরণ সংক্রান্ত এবং জীবনের ঝঞ্ঝার মধ্যে নিরাপত্তা এবং শান্তভাব দান করে। খ্রীষ্টের মাধ্যমে, আমরা ঈশ্বরের সঙ্গে সম্পর্কের মধ্যে নিমন্ত্রিত হয়েছি যা আমাদের তাঁর অবিরত উপস্থিতি এবং তত্ত্বাবধানের আশ্বাস দান করে। এই উৎসবের সময়ে হোক অথবা ব্যক্তিগত দুঃখের সময় হোক, তাঁর শান্তি আমাদের মনে করিয়ে দেয় যে আমরা নিঃসঙ্গ নই।

### পাপ এবং লজ্জা থেকে মুক্তি

বড়দিনের একটি সব থেকে শক্তিশালী বার্তা হচ্ছে যীশুর মাধ্যমে পাপ এবং লজ্জা থেকে মুক্তি দানের বার্তা। পাপ এবং অপরাধের দ্বারা চিহ্নিত মানবজাতির ভগ্নতা প্রায়ই লজ্জা এবং অপর্যাপ্ততার অনুভূতি নিয়ে আসে। যীশুর জন্ম উদ্ধারের লক্ষ্যে স্বর্গীয় হস্তক্ষেপের বিষয়টিকে সূচিত করে। যেহেতু গাব্রিয়েল স্বর্গদূত মরিয়মকে এই বলে আশ্বস্ত করেছিলেন যে ঈশ্বরের পক্ষে কোনও কিছুই অসম্ভব নয়। লূক ১:৩৭। মশীহের আগমন কেবলমাত্র একটি অলৌকিক ঘটনা নয় কিন্তু এটি

হচ্ছে ঈশ্বরের সঙ্গে মানুষের মধ্যে একটি নতুন নিয়মের উদ্যোগ। মথি ১:২১ পদ অনুসারে যীশু আমাদের সমস্ত পাপ থেকে উদ্ধার করার জন্য এসেছিলেন: **"তিনি এক পুত্রের জন্ম দেবেন ও তুমি তাঁর নাম যীশু রাখবে, কারণ তিনিই তাঁর প্রজাদের তাদের সব পাপ থেকে পরিত্রাণ দেবেন।"**

পৌল রোমীয় ৮:১ পদে এই বার্তাটিকে পুনরায় তীব্রভাবে বলবৎ করেছেন যে "...এখন যারা খ্রীষ্ট যীশুতে আছে, তাদের প্রতি কোনও দণ্ডাদেশ নেই।"এই ঘোষণাটি হচ্ছে একটি আশা এবং স্বাধীনতা। যীশু আমাদের পাপ এবং লজ্জা ক্রুশের উপর বহন করেছিলেন, তিনি আমাদের কেবল ক্ষমাই দেননি কিন্তু তিনি আমাদের ঈশ্বরের প্রিয় সন্তানের নতুন পরিচিতি দিয়েছেন।

## ক্ষমার শক্তি !

বড়দিনের খ্রীষ্টের মাধ্যমে আমরা যে ক্ষমা লাভ করি তার সঙ্গে ঈশ্বরের শান্তি স্পষ্টভাবে বন্ধনযুক্ত। এই ক্ষমা পাপের এবং লজ্জার শৃঙ্খলকে চূর্ণ করে, আমাদেরকে নতুন পাওয়া স্বাধীনতার মধ্যে চলতে দেয়। ঠিক যেমন পৌল কলসীয় ১:১৩-১৪, **"কারণ অন্ধকারের কর্তৃত্ব থেকে তিনি আমাদের উদ্ধার করে তাঁর পুত্রের রাজ্যে নিয়ে এসেছেন, যাঁকে তিনি ভালোবাসেন। তাঁর মধ্যেই আমরা পেয়েছি মুক্তি এবং সকল পাপের ক্ষমা।"** এই সত্য গ্রহণ আমাদেরকে অতীতের ভার থেকে মুক্ত করে, আমাদের অপরাধের ভার তুলে নেয় এবং আমাদেরকে সম্পূর্ণরূপে বর্তমানে বাঁচতে দেয়। বড়দিন সেই কারণে, স্বাধীনতার উদ্‌যাপনে পরিণত হয়— এই স্বাধীনতা আমাদের আস্থার সঙ্গে ঈশ্বরের কাছে আসতে দেয়, যা আর কখনও আমাদের অতীতের ভুলগুলোর দ্বারা নির্ধারিত হয় না।

এই উৎসবের আলো এবং আনন্দপূর্ণ সমাবেশের মধ্যে, অনেকে নীরবে ভগ্নতা, স্বপ্নভগ্নতা, এবং হতাশার মোকাবিলা করে। দৈনিক জীবনের পরীক্ষাগুলো— সম্পর্কের চাপ, হিংস্রতার দ্বারা প্রভাবিত সমাজ, এবং ক্ষতির গভীর দুঃখ— আনন্দের সময়কে ঘন মেঘে আচ্ছন্ন করতে পারে। এই ধরণের পৃথিবীতে, খ্রীষ্টের জন্ম আশার দৃঢ় প্রেরণা দেয়।

যীশুর আগমন মানবজাতির প্রতি ঈশ্বরের অপরিবর্তনীয় প্রতিশ্রুতির প্রতিকস্বরূপ। জগতের জ্যোতি হিসাবে, তিনি অন্ধকারের বিরুদ্ধে উজ্বল আলো দেন। যোহন ৮:১২ পদে যীশু এই বিষয়টির সত্যতা জ্ঞাপন করে তাদের উদ্দেশে বলেছিলেন, **"আমি জগতের জ্যোতি যে আমাকে অনুসরণ করে, সে কখনও অন্ধকারে পরিভ্রমণ করবে না, বরং সে জীবনের দীপ্তি লাভ করবে।"** এই আলো আশা আনে, এমনকী যখন জীবন বিহ্বলকারী মনে হয় তখনও।

প্রেরিত পৌল আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন যে খ্রীষ্টে আমাদের বিশ্বাসের মধ্যে আমাদের আশা সুদৃঢ়ভাবে যুক্ত। রোমীয় ১৫:১৩ পদে, তিনি প্রার্থনা করেছেন, **"প্রত্যাশার ঈশ্বর তোমাদের সমস্ত আনন্দ ও শান্তিতে পূর্ণ করেন, যেমন তোমরা তাঁর উপরে বিশ্বাস করো, যেন তোমরা পবিত্র আত্মার পরাক্রমের দ্বারা প্রত্যাশায় উপচে পড়ো।"** এই বড়দিনে খ্রীষ্ট আমাদের কাছে যে আশা আনে সেই বিষয়ের উপর আমরা যখন গভীরভাবে আলোকপাত করছি, তখন আমাদেরকে ঐ প্রত্যাশার বিষয়টি অন্যদের কাছে সহভাগিতা করার জন্য আহ্বান করা হয়েছে, তাদেরকে আশ্বস্ত করতে হবে যে তারা যে দুঃখভোগ করছে, খ্রীষ্টে তারা সান্ত্বনা খুঁজে পেতে পারে।

## আশাহীনদের জন্য আশা !

যারা আশাহীনতার ভারে জর্জরিত বড়দিনের বার্তাটি তাদের প্রতি হাত বাড়িয়ে দেয়। অনেকে পতিত হওয়ার বিষয় অথবা বিহ্বলতার বিষয় অনুভব করে, জীবনের ক্লেশের ভারে বিষাদগ্রস্ত হয়ে যায়। তথাপি তাদের কাছে যিরমিয় ভাববাদী এই বিষয়টি স্মরণ করিয়ে দেন: **"কারণ তোমাদের জন্য পরিকল্পনার কথা আমি জানি, 'সদাপ্রভু এই কথা বলেন। তা হল তোমাদের সমৃদ্ধির পরিকল্পনা, তোমাদের ক্ষতি করার নয়, তোমাদের এক আশা ও ভবিষ্যৎ মঙ্গলদানের পরিকল্পনা"** (যিরমিয় ২৯:১১)।

যীশু এই আশার মূর্তিমান হয়েছেন। তাঁর জীবন এবং শিক্ষাগুলি সান্ত্বনা এবং উদ্দেশ্য দান করে, আমাদের আশ্বাস দান করে যে আমাদের পরিস্থিতিগুলি আমাদের মূল্য অথবা কর্মক্ষমতাকে নির্ধারণ করে না। ব্যাকুলভাবে অর্থ জানতে চাওয়া এই জগতের কাছে বড়দিনের আমাদের বিনতিপূর্ণ অনুরোধ যীশুতে আস্থা রাখুন, যিনি অন্ধকার মুহূর্তে আমাদের জীবনে প্রত্যাশার একটি ঝলক।

## এই অস্থির পৃথিবীতে যীশু হচ্ছেন শান্তির রাজকুমার !

আমাদের এই জগতকে অগণিত চ্যালেঞ্জের

(ক্রমশঃ ৬পৃষ্ঠায়)

**RESIDENTIAL BIBLE COURSE**
**NEHEMIAH BIBLE COLLEGE, Chennai.**

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE
REACHING NATIONS

**Medium : Hindi**
(Residential)

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 55 years

Rush for Admission!

**Diploma in Theology**

Qualification : 10th Standard & above
(Sponsorship Available)

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
✶ ONLINE CLASSES ARE AVAILABLE ✶

# মহান আদেশ অংশীদারগণ

ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং
উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে নভেম্বর থেকে ১৮ই ডিসেম্বর, ২০২৪)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**ডিসেম্বর ১৯** : আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ২০:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেসের অবিরত কাজের জন্য এবং এর দক্ষ সমস্ত কর্মীদের জন্য।

**দিন ২১:** আমাদের সিনিয়ার পাস্টরের এবং তাঁর পরিবারের স্বর্গীয় সুরক্ষার জন্য এবং তাদের সমস্ত মন্দ শক্তির হাত থেকে সুরক্ষার জন্য।

**দিন ২২:** আমাদের মিশন কর্মীদের অবিচলিত অঙ্গীকারবদ্ধতার জন্য

**দিন ২৩:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৪:** আমাদের পরিচর্যাকারী কর্মীদের পরিবারগুলির উপর তাঁর প্রচুর আশীর্বাদের জন্য।

**দিন ২৫:** আমাদের জগতের ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের জন্মের জন্য, যিনি আমাদের সবাইকে উদ্ধার করতে এসেছিলেন।

**দিন ২৬:** এ বছর আমাদের বড়দিনের সমস্ত অনুষ্ঠানগুলিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৭:** অভাবী লোকদের পরিচর্যা করার জন্য আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজগুলি, এবং ডাকযোগে ঈশ্তাত্বিক পাঠক্রমগুলির প্রভাবযুক্ত কাজের জন্য।

**দিন ২৮:** ২০২৪ এবং ২০২৫ বর্ষে তাঁর আহ্বানের প্রতিধ্বনির সমস্ত বিশেষ সভা এবং সেমিনারগুলির উপর তাঁর আশীর্বাদের জন্য।

**দিন ২৯:** সারা বছর সমস্ত ঈশ্বরের পরিচর্যাকারীদের স্বর্গীয় সুরক্ষাসহ আশীর্বাদ করার জন্য।

**দিন ৩০:** এ বছর সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলির মসৃণভাবে এবং ফলপ্রসূভাবে কাজ করার জন্য।

**দিন ৩১:** ২০২৪ সালে আমাদের সমস্ত প্রয়োজনগুলি অলৌকিকভাবে পূরণ করার জন্য।

**দিন ০১:** বিশ্বব্যাপী আমাদের সমস্ত পাঠক এবং লোকদের উপর তাঁর পরিচালনা এবং আশীর্বাদ আমাদেরকে ২০২৫ সালের নববর্ষের দিকে চালিত করার জন্য।

**দিন ০২:** ২০২৫ এর নতুন প্রতীজ্ঞাগুলি সমস্ত মণ্ডলীগুলির কাছে এবং বিশ্বাসীদের কাছে আশা এবং আশীর্বাদ আনার জন্য।

**জানুয়ারী ০৩:** ২০২৪ সালে সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলি এবং চার্চগুলির উপর অবিরত আশীর্বাদের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** বিশ্বব্যাপী শান্তি এবং মানহিততা বৃদ্ধির জন্য।

**দিন ৫:** বিশ্বব্যাপী লোকদের নতুন নতুন রোগ থেকে সুরক্ষা এবং সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৬:** মন্দ শক্তিগুলির বিরুদ্ধে সমস্ত মণ্ডলীগুলির স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ৭:** বিশ্ব নেতারা যেন স্বর্গীয় প্রজ্ঞার দ্বারা চালিত হয় এবং লোকদের কল্যাণের উদ্দেশ্যে কাজ করে।

**দিন ৮:** সেন্টপলস্ ম্যাট্রিকুলেশ স্কুল এবং নহিমিয় বাইবেল কলেজগুলি, থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের প্রিন্সিপাল, শিক্ষক শিক্ষিকা, কর্মীসদস্য এবং শিক্ষার্থীদের জন্য।

**দিন ৯:** পাস্টর এস. স্যাম সেলভারাজ এবং তাঁর পরিবারের সদস্যদের উপর যেন ঈশ্বরের পরাক্রমী হাত থাকে।

**দিন ১০:** সমস্ত দেশগুলির মধ্যে যেন শান্তি এবং আর্থিক সমৃদ্ধি থাকে ।

**দিন ১১:** সর্বত্র পরিবারগুলির মধ্যে যেন সংহতি বজায় থাকে।

**দিন ১২:** এ মাসে আমাদের সমস্ত প্রয়োজনগুলির বিষয়ে ঈশ্বরের প্রতিবিধানের জন্য।

**দিন ১৩:** আমারে বরিষ্ঠ পাস্টরের সাফল্যের সঙ্গে আত্মজীবনী রচনা সম্পূর্ণ হওয়ার জন্য।

**দিন ১৪:** আমাদের পরিচর্যার সম্প্রসারণ এবং বিশ্বব্যাপী সুসমাচার প্রসারের জন্য।

**দিন ১৫:** ইয়ূথদের মধ্যে যেন হিংসাত্বক ঘটনার পরিসমাপ্তি ঘটে এবং তারা যেন পবিত্র আত্মায় পূর্ণ হয়।

**দিন ১৬:** খ্রীষ্টানরা যেন ঈশ্বরের বাক্য অনুসরণ করে এবং খ্রীষ্টের মতো চরিত্র প্রদর্শন করে।

**দিন ১৭:** আমাদের সংস্থার জন্য মানানসই এবং সমর্পিত কর্মীদের জন্য।

**দিন ১৮:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের আশীর্বাদের জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

সম্মুখীন হতে হচ্ছে—যুদ্ধ বিগ্রহ, দারিদ্র, অন্যায়, এবং বিভাজন। আমরা যখন খ্রীষ্টের জন্ম উদ্‌যাপন করছি, তখন আমাদের স্মরণ করিয়ে দেওয়া হয়েছে যে তিনি আমাদের এই সমস্ত সংগ্রামের হৃদয়কে সম্বোধন করতে এসেছিলেন। যীশু কেবল শান্তি বহনকারী নন;তিনি এর সৌরভ, আমাদের নিজেদের জীবনে মিলনকারী হওয়ার জন্য তিনি আমাদের আহ্বান করছেন। মথি ৫:৯ পদে বর্ণনা করা হয়েছে, **"ধন্য যারা মিলন করিয়ে দেয়, কারণ তাদের ঈশ্বরের পুত্র বলা হবে।"** তাঁর সমগ্র পরিচর্যায়, যীশু প্রান্তিক মানুষদের কাছে পৌঁছানোর দ্বারা মিলন করে দেওয়ার বিষয়টিকে ব্যাখ্যা করেছিলেন, বিরোধীদের পুনরায় মিলন করে দিয়েছিলেন, এবং ভগ্নচূর্ণ অন্তকরণযুক্ত লোকদের আরোগ্য করেছিলেন। তাঁর উদাহরণ আমাদেরকে আমাদের সম্পর্কগুলির মধ্যে এবং আমাদের সমাজগুলির মধ্যে সক্রিয়ভাবে শান্তি স্থাপন করার বিষয়টিকে উৎসাহিত করে।

## মণ্ডলীর ভূমিকা

এই অশান্ত পৃথিবীতে খ্রীষ্টের শান্তি আনার বিষয়ে মণ্ডলী গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে। খ্রীষ্টের দেহ হিসাবে, প্রকৃতভাবে, গ্রহণযোগ্য উপায়ে ঈশ্বরের ভালোবাসা এবং অনুগ্রহ প্রকাশ করার জন্য আমরা আহূত হয়েছি। ইফিষীয় ২: ১৪-১৬ পদে, পৌল লিখেছেন, **"কারণ তিনি স্বয়ং আমাদের শান্তি। তিনি উভয়কে এক করেছেন এবং প্রতিবন্ধকতাকে ধ্বংস করেছেন, বিদ্বেষের প্রাচীর ভেঙে ফেলেছেন।"**

এই অনুচ্ছেদটিতে জোর দিয়ে বলা হয়েছে যে খ্রীষ্টের মাধ্যমে, বাধাগুলো ভেঙে ফেলা হয়েছে, এবং একতা প্রতিষ্ঠিত করা হয়েছে। এই বিভাজিত পৃথিবীতে, চার্চের আশার বাতিঘর হওয়া উচিত, ক্ষমা এবং সম্মিলনের দৃষ্টান্ত তুলে ধরা উচিত। আমার কাজগুলি খ্রীষ্ট যে শান্তি দিয়েছেন তার একটি শক্তিশালী সাক্ষ্যতে পরিণত হওয়া উচিত।

## ভয়, দুশ্চিন্তা, এবং হতাশার থেকে মানুষের হৃদয়ের আরোগ্য!

ছুটির দিনগুলো প্রায়ই অনেকের জীবনে ভয়, দুশ্চিন্তা, এবং হতাশার অনুভূতিগুলোকে চূড়ান্ত সীমায় নিয়ে যায়। সামাজিক প্রত্যাশাগুলো এবং ব্যক্তিগত সংগ্রামের বৈপরীত্য বিহ্বলকারী আবেগগুলোর প্রতি চালিত করতে পারে। যাইহোক যীশু আমাদের এই ভীত সন্ত্রস্ত প্রাণগুলোকে আরোগ্য দেন এবং পুনরুদ্ধার করেন।

## ঈশ্বরের উপস্থিতির আশ্বাস

ছুটির দুশ্চিন্তার মধ্যে, ঈশ্বর তাঁর উপস্থিতি যাজ্ঞা করার বিষয় আমাদেরকে বলেছেন। গীত ২৩:৪ পদে, দাউদ ঘোষণা করেছেন, **"যদিও আমি হেঁটে যাই অন্ধকারাচ্ছন্ন উপত্যকার মধ্যে দিয়ে, আমি কোনও অমঙ্গলের ভয় করব না, কারণ তুমি আমার সঙ্গে আছ।"** ঈশ্বরের উপস্থিতির এই আশ্বাস আমাদের স্মরণ করিয়ে দেয় যে সংগ্রামের মধ্যে আমরা কখনও একা থাকি না।

এছাড়াও, ১ পিতর ৫:৭ পদে তাঁর উপর সমস্ত দুশ্চিন্তার ভার অর্পণ করতে আমাদের উৎসাহিত করা হয়েছে কারণ তিনি আমাদের বিষয় চিন্তা করেন। তাঁর কাছে বহন করার জন্য কোনও ভারই খুব বেশি নয়। ঈশ্বরের কাছে আমাদের ভয় এবং দুশ্চিন্তার ভার অর্পণ করার দ্বারা, আমরা স্পষ্ট মুক্তির এবং তাঁর শান্তির অভিজ্ঞতা লাভ করতে পারি।

যীশু ভগ্নচূর্ণ অন্তঃকরণের লোকদের আরোগ্য করতে এবং দুর্দশাগ্রস্ত লোকদের পুনরুদ্ধার করতে এসেছিলেন। হতাশার সময়, শক্তির উৎস হিসাব আমরা তাঁর দিকে তাকাতে পারি। যিশাইয় ভাববাদী ৬১:১পদে ঘোষণা করেছেন, **"সার্বভৌম সদাপ্রভুর আত্মা আমার উপরে আছেন, কারণ সদাপ্রভু আমাকে অভিষিক্ত করেছেন,যেন দরিদ্রদের কাছে সুসমাচার প্রচার করি। তিনি আমাকে ভগ্ন হৃদয় মানুষকে সারিয়ে তুলতে প্রেরণ করেছেন, বন্দিদের কাছে স্বাধীনতা ঘোষণা করতে এবং কারারুদ্ধ মানুষদের অন্ধকার থেকে মুক্ত করতে।"**

এই প্রতিজ্ঞাটিতে আবেগজনিত, আত্মিক এবং শারীরিক আরোগ্যের বিষয় বলা হয়েছে। খ্রীষ্টের দিকে তাকিয়ে আমরা এই সান্ত্বনা পাই যে তিনি আমাদের যন্ত্রণা বুঝতে পারেন। তিনি চান আমরা যেন তাঁর চরণতলে আমাদের সমস্ত ভার অর্পণ করি, পরিবর্তে পুনরুদ্ধার এবং প্রত্যাশা লাভ করি।

## যীশু - শান্তির চূড়ান্ত উৎস!

আমরা যখন জীবনের জটিলতাগুলি দেখি, তখন এটি স্বীকার করা জরুরী যে যীশু হচ্ছেন শান্তির চূড়ান্ত উৎস। তিনি এই অস্থিরতার মধ্যে কেবল প্রশান্তিই দেন না কিন্তু তিনি অনন্তকালীন প্রত্যাশার ভিত্তি।

(ক্রমশঃ ৮ পৃষ্ঠায়)

NEHEMIAH BIBLE
EVENING COLLEGE

Chepauk & Santhoshapuram, Chennai

Medium :Tamil
(Part Time)

REACHING NATIONS

Recognised by International
Christian Leaders &
Senior Pastors for the past 55 years

Diploma in Theology

Qualification : 10th Standard & above
Rush for Admission!
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্‌ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা
## আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)



## ব্যর্থতাগুলি সাফল্যের সোপান
## MY FAILURES WERE LADDERS FOR SUCCESS!

তাঁর আহ্বানের প্রতিধ্বনির সূচনা থেকেই, আমাদের পারিচর্যা ব্যক্তিগত প্রার্থনা, দলগত প্রার্থনা, উপবাস এবং নৈশ প্রার্থনার উপর বিশেষ গুরুত্ব দিয়েছিল। এই পরিচর্যার ভিত্তি লোকবল অথবা অর্থবলের উপর নির্ভরশীল ছিল না, কিন্তু প্রার্থনার শক্তির উপর এর ভিত্তি ছিল।

একটা সময় ঈশ্বর আমার সামনে ব্যক্তি শত্রুদের চ্যালেঞ্জ এনেছিলেন, যখন আরেক সময় তিনি আমার কাছে সাহায্যকারী লোকদের এনেছিলেন। এই সমস্ত কিছুর মাধ্যমে, ঈশ্বর আমাকে অলৌকিকভাবে পরিচালিত করেছিলেন।

পিছনদিকে তাকিয়ে দেখলে, আমি বুঝতে পারি কীভাবে ঈশ্বর আমাকে সেই সমস্ত লোকদের মধ্যে চালনা করেছিলেন যারা তাঁকে জানতো না এবং এমনকী যারা আমাদের পরিচর্যার বিরোধীতা করেছিল, তথাপি তাঁর কাজ সম্পাদিত হয়েছিল। তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার মাধ্যমে অসংখ্য লোকেরা তাঁর অলৌকিক চিহ্নগুলি এবং আশ্চর্য কাজগুলি তাদের জীবনে অভিজ্ঞতা লাভ করেছেন।

আমাদের নৈশ প্রার্থনাগুলি এবং সান্ধ্য সমাবেশগুলি লোকদের কাছে অসংখ্য আশীর্বাদ এনেছিল, এবং আমি সমস্ত কিছুর উপরে এই সভাগুলিকে প্রাধান্য দিয়েছিলাম। প্রথম দিকে, যখন সামান্য কিছু সংখ্যক লোক যোগদান করেছিল, আমাদের চারিদিকের লোকদের কিছুটা উদাসীন মনে হয়েছিল। যাইহোক, যখন সংখ্যা বৃদ্ধি পাচ্ছিল, তখন আমাদের ঐক্যবদ্ধ গানগুলি এবং প্রার্থনাগুলি কয়েক জন প্রতিবেশীর কাছে অস্বস্তিকর বলে মনে হয়েছিল, যারা বিষয়টিকে অনধিকারের দৃষ্টিতে দেখেছিল। কোনও উৎসর্গিত আরাধনার স্থান ছাড়াই, আমরা সমুদ্র সৈকতে আমাদের সমাবেশগুলিকে সরিয়ে নিয়েছিলাম।

যখন আমাদের যোগদানকারীদের সংখ্যা আরও বৃদ্ধি পেয়েছিল এবং আরও অধিক সংখ্যক লোক আশীর্বাদ লাভ করছিল, আমরা আরও নতুন চ্যালেঞ্জগুলির সম্মুখীন হয়েছিলাম। এই সমস্ত কঠিন পরিস্থিতি সত্ত্বেও, আমরা এই সভাগুলি চালিয়ে যাওয়ার প্রবল প্রেরণা অনুভব করেছিলাম, আর এই বিষয়টিই আমার অন্তরে ঈশ্বরের কাজ অবিরত চালিয়ে যাওয়ার ভারকে আরও গভীর করেছিল।

এই চ্যালেঞ্জের মোকাবিলা করার জন্য, একজন প্রার্থনার সঙ্গী এবং আমি জানুপাত করে গভীর রাত্রি পর্যন্ত আন্তরিকভাবে প্রার্থনা করতে শুরু করেছিলাম। আমরা প্রভুকে যে কোনও উপায়ে মধ্যস্থতা করার অনুরোধ জানিয়েছিলাম। বেশ কয়েকবার তিনি আমাদের একটি বিরাট বিবাহ অনুষ্ঠানের হলে সমাবেশগুলি অনুষ্ঠিত করতে আমাদের সক্ষম করেছিলেন। ঈশ্বর সমর্পণ এবং ত্যাগের সঙ্গে এই প্রার্থনা সভাগুলি চালিয়ে যাওয়ার উদ্দেশে আমাদের শক্তি দিয়েছিলেন এবং অঙ্গীকারবদ্ধ করেছিলেন।

প্রতিদানে, প্রভু আমাদের নিজস্ব বিল্ডিং দিয়ে আশীর্বাদ করেছিলেন যেখানে আমরা কারও দয়া ছাড়াই সমবেত হতে পেরেছিলাম। আমাদের ঈশ্বর কি অপূর্ব নয়? এই বিজয় লাভ করতে আমাদের অনেক বছর সময় লেগেছিল, এবং আমাদেরকে ধৈর্য্য সহকার অপেক্ষা করতে হয়েছিল, অধ্যবসায়ের সঙ্গে সব কিছু সহ্য করতে হয়েছিল।

প্রিয় পাঠক, ঈশ্বর সর্বদা সঙ্গে সঙ্গেই কাজ করেন না। তিনি আমাদের সহিষ্ণুতা এবং অবিরত প্রার্থনার মানসিকতাকে মূল্য দেন। সঠিক সময়, প্রভু আপনাকে তুলে ধরবেন। ততক্ষণ পর্য্যন্ত, তাঁর পরাক্রমী হস্তের নীচে নিজেকে নম্র করুন। **"...ঈশ্বরের পরাক্রমী হাতের নিচে, নিজেদের নতনম্র করো, যেন তিনি উপযুক্ত সময়ে তোমাদের উন্নত করেন"** (১ পিতর ৫:৬)।

*************

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

### দৈনিক জীবনে স্বেচ্ছায় শান্তি গ্রহণ করা!

এই শান্তির অভিজ্ঞতা লাভ করার জন্য, আমাদের অবশ্যই প্রার্থনা, শাস্ত্রপাঠ, এবং সহভাগিতার মাধ্যমে খ্রীষ্টের সঙ্গে আমাদের সম্পর্কের বিষয়টি নিয়ে কাজ করতে হবে। যা আমাদের **"যা কিছু সত্য, যা কিছু রমণীয় যা কিছু যথার্থ যা কিছু বিশুদ্ধ, যা কিছু মধুময়, যা কিছু সুখ্যাত— যদি উৎকৃষ্ট বা প্রশংসার যোগ্য কিছু হয়.."** (ফিলিপীয় ৪:৮) সেই সমস্ত বিষয়ের উপর আমাদের ফোকাস করতে উৎসাহিত করে। এই সমস্ত উৎকর্ষতাপূর্ণ বিষয়গুলি আমাদের মনে কেন্দ্রীভূত করার দ্বারা আমরা আমাদের প্রাত্যহিক জীবনে ঈশ্বরের শান্তিকে স্বাগতঃ জানাতে পারি।

গালাতীয় ৫: ২২-২৩ পদে, পৌল আত্মার ফলের বিষয়ে কথা বলেছেন, যার মধ্যে শান্তি অন্তর্ভুক্ত। আমরা যখন আত্মায় চলি এবং ঈশ্বরের কাছে নিজেদের সমর্পিত করি, তখন আমরা স্বাভাবিক ভাবেই আমাদের পারস্পরিক প্রতিক্রিয়ার ক্ষেত্রে এবং পছন্দের বিষয়গুলি মধ্যে এই শান্তি অঙ্গীভূত করি। শান্তি একটি সাধারণ অনুভূতি নয় কিন্তু এটি জীবনের একটি পথ, যা আমাদের অন্যদের প্রতি ভালোবাসা এবং সহমর্মিতার মাধ্যমে প্রকাশিত হয়।

### শান্তির উপহারের সহভাগিতা

আমরা যখন খ্রীষ্টের রূপান্তরণ যুক্ত শান্তির অভিজ্ঞতা লাভ করি, তখন আমরা জগতের সঙ্গে এর সহভাগিতা করার জন্য আহূত হই। বিভেদ এবং অস্থিরতার দ্বারা চিহ্নিত এই সমাজে, আমাদের খ্রীষ্টীয় সাক্ষ্য যীশুতে পাওয়া আশার প্রতি একটি সাক্ষ্যে পরিণত হয়। এই বড়দিনে, আসুন আমরা আমাদের সঙ্গে ঈশ্বরের এই শান্তির অভিজ্ঞতার কাছে অন্যদের আমন্ত্রণ জানাই।

## উপসংহার

### বড়দিনের প্রকৃত অর্থ

বড়দিন একটি ছুটির দিনের থেকে আরও অধিক কিছু। এটি স্বর্গীয় শান্তি, প্রত্যাশা, এবং আরোগ্যের স্বর্গীয় বার্তার সারসংক্ষেপ। আমরা যখন যীশুর জন্মদিন উদ্‌যাপন করছি, তখন আমাদের স্মরণ করিয়ে দেওয়া হয়েছে যে তাঁর সঙ্গে প্রকৃত সম্পর্কের মধ্যে প্রকৃত শান্তি নিহিত আছে। পাপ থেকে আমাদের মুক্তি, এই ভগ্নতার মধ্যে তিনি আমাদের যে আশা দেন, এবং মিলনকারী হওয়ার জন্য তাঁর আহ্বান এই সমস্ত কিছু এই সময়ের তাৎপর্যের বিষয়ে আমাদের উপলব্ধির গভীরে নিহিত আছে।

এই জগতে যা প্রায়ই আমাদের কাছে বিভ্রান্তিকর এবং বিচ্ছিন্ন বলে অনুভূত হয়, সেখানে যীশু আশার এবং পুনর্মিলনের এক বাতিঘরের ন্যায় দণ্ডায়মান। তাঁর প্রেমের মাধ্যমে, আমরা ঈশ্বরের হৃদয় প্রতিফলিত করি, এই অস্থির জগতে তাঁর শান্তির সহভাগিতা করি। তাঁর শান্তিকে আমাদের রূপান্তরিত করতে দেওয়ার দ্বারা এবং অন্যদের কাছে এই শান্তি প্রসারিত করার দ্বারা আসুন আমরা বড়দিনের প্রকৃত তাৎপর্যকে স্বেচ্ছায় গ্রহণ করি।

প্রেরিত পৌলের কথাগুলি অন্যভাবে বলা যায়, **"খ্রীষ্টের শান্তি তোমাদের হৃদয়ে কর্তৃত্ব করুক, কারণ একই দেহের অঙ্গ-প্রত্যঙ্গরূপে তোমরা শান্তির উদ্দেশে আহূত হয়েছ। আর তোমরা কৃতজ্ঞ হও"** (কলসীয় ৩:১৫)। আমাদের এই বড়দিন খ্রীষ্টে রোপিত এই শান্তির আরও কাছে আমাদের নিয়ে আসুক, এবং প্রয়োজনের মধ্যে থাকা পৃথিবীতে এই শান্তি সহভাগিতা করতে আমাদের শক্তিশালী করুক।

************

**এক পবিত্র উপবাস-পর্ব ঘোষণা করো, এক পবিত্র সভার আহ্বান করো। প্রাচীনদের ও যারা দেশে বসবাস করে, তাদের সবাইকে তলব করো, তারা যেন তোমাদের ঈশ্বর সদাপ্রভুর গৃহে আসে ও সদাপ্রভুর কাছে ক্রন্দন করে। যোয়েল ১: ১৪**

## একদিনের উপবাস প্রার্থনা

## বিশ্বমণ্ডলী এবং সমাজগুলির মধ্যে উদ্দিপনার জন্য

১৪।১২।২০২৪ (দ্বিতীয় শনিবার)
সকাল ৯টা থেকে বিকাল ৪টে পর্যন্ত

## চার্চ অফ গড, তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai - 600 005, India**

**বিশেষ অতিথি: প্রার্থনায় অভিষেকসহ ঈশ্বরের দাসগণ!**

**প্রেমসহ আপনাদের সবাইকে স্বাগতঃ জানাই!**

অন্যান্য শহরের বিশ্বাসীরা এবং বিদেশীরাও আমাদের ইউ টিউব চ্যানেলের মাধ্যমে অনলাইনে এই প্রার্থনায় যোগদান করতে পারেন।

আমরা নিম্নলিখিত বিষয়গুলির জন্য প্রার্থনা করবো :

অন্য মণ্ডলীগুলির জন্য, অন্য সমাজের লোকদের জন্য, অন্য দেশগুলির জন্য।

## জরুরী প্রয়োজন

**তাঁর আহ্বানের প্রতিধ্বনি বিপুলভাবে সম্প্রসারিত হচ্ছে। আমাদের নিম্নলিখিত পদগুলির জন্য মিশনমনস্ক, সমর্পিত, এবং বিশ্বস্ত পুরুষ এবং মহিলা কর্মী চাই:**

- আমাদের প্রধান মণ্ডলীর জন্য পূর্ণ সময়ের সহযোগী পালকবৃন্দ
- আমাদের চেন্নাইয়ের শাখা মণ্ডলীগুলোর জন্য পূর্ণ সময়ের সহযোগী পালকবৃন্দ
- পূর্ণ সময়ের জন্য নিরাপত্তা কর্মী
- ডিটিপি অপারেটর এবং টাইপিস্ট
- ইংরাজী এবং অন্যান্য ভাষায় কথা বলা এবং লেখায় পারদর্শী কর্মী
- প্রশাসনিক কাজে আগ্রহী অফিস ম্যানেজার
- পূর্ণ সময়ের বাইবেল কলেজ লেকচারার
- আমাদের পরিচর্যাগুলিকে এগিয়ে নিয়ে যেতে পারে এমন স্বেচ্ছাসেবীগণ
- পূর্ণ সময়ের জন্য ড্রাইভার
- ম্যাট্রিকুলেশন স্কুলের জন্য প্রিন্সিপাল এবং শিক্ষক/শিক্ষিকা
- পূর্ণ সময়ের রাধুনী (মহিলা)
- গৃহস্থালী কর্মীগণ

শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার উপর ভিত্তি করে বেতন নির্ধারণ করা হবে।

**ওয়াটস্‌আপ নম্বরে আবেদন করুন:**
**৯৮৪১২৭১৮৫৮**
**ইমেল:**
**sam@echoofhiscall.org**

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**
Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

**- Editor**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিণ্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th DECEMBER 2024**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**